গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস
পাবনা
cooperative.pabna.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(২০২২-২৩) বাস্তবায়নের লক্ষ্যে জেলা সমবায় কার্যালয়, পাবনাতে জুন /২০২৩ মাসের অভিযোগ প্রতিকার কমিটির সদস্যবৃন্দের সমন্বয়ে অনুষ্ঠিত অভিযোগ প্রতিকার কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | সোলাইমান বেগ<br>জেলা সমবায় অফিসার ও সভাপতি, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা সংক্রান্ত কমিটি |
| সভার তারিখ | ১৫ জুন ২০২৩। |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | জেলা সমবায় কার্যালয়,পাবনা। |
| উপস্থিতি | ০৩ জন। |

অভিযোগ প্রতিকার কমিটির উপস্থিতি: পরিশিষ্ট-“ক”

অদ্যকার সভায় সভাপতি অভিযোগ প্রতিকার কমিটির উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-৪০.৬১.০০০০.২৪২.১৮. ০০৪.১৩.৭, তারিখ: ২৯/১০/২০২০ খ্রিষ্টাব্দ তারিখের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ বাস্তবায়নে অভিযোগ প্রতিকার কমিটি, জেলা সমবায় কার্যালয়, পাবনা কর্তৃক আলোচ্যসূচি মোতাবেক ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা। | <u>১.১ অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ:</u><br>অভিযোগ প্রতিকার সভার সদস্য সচিব জনাব মোঃ সিরাজুল ইসলাম সভাকে জানান যে, যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-৪০.৬১. ০০০০.২৪২.১৮.০০৪.৩.৭, তারিখ: ২৯/১০/২০২০ খ্রিষ্টাব্দ মুলে নির্দেশনাপত্রে প্রতি ত্রৈমাসে একটি করে অভিযোগ প্রতিকার কমিটির সভার অনুষ্ঠান করে পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। ২০২২-২০২৩ সনের এপিএ চুক্তিতে প্রতি কোয়াটারে/ ত্রৈমাসে হালনাগাদকরণের চুক্তি সম্পাদন করা হয়েছে। এ বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করা হয়। | ১। বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী হতে পুনরায় নির্দেশনা না আসা পর্যন্ত পূর্বের নির্দেশনাপত্র মোতাবেক প্রতি মাসে ১টি করে অভিযোগ প্রতিকার সভা করতে হবে।<br><br>২। প্রতি মাসে ৩ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করতে হবে। | অভিযোগ প্রতিকার কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | <u>২.১ নির্দিষ্ট সময়ে অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি এবং নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ:</u><br>অভিযোগ প্রতিকার কমিটির সভাপতি কর্তৃক সভার সম্মানিত সদস্য জনাব মো: আনিছুর রহমান, প্রশিক্ষককে বিগত সকল সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন হয় কিনা জিজ্ঞাসাবাদ করা হলে তিনি সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। এ বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়। | ১। অভিযোগ প্রতিকার কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার কমিটির সকল সদস্যগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অভিযোগ প্রতিকার কমিটি । |
| | | <u>২.২ কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়ার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন:</u><br>অভিযোগ প্রতিকার কমিটির সভাপতি কর্তৃক জিআরএস সফটওয়ার প্রশিক্ষণ বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হলে প্রধান সহকারি জনাব মোঃ সিরাজুল ইসলাম সভাকে জানান যে, প্রশিক্ষণের বাৎসরিক লক্ষ্যমাত্রা ০২টি তন্মধ্যে প্রথম ত্রৈমাসে ০১ টি অর্জন করা হয়েছে। ৩য় কোয়াটারের মধ্যে ০১ টি অর্জন করা হয়েছে। এ বিষয়ে ব্যাপক গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। | ১. জেলা ও উপজেলা সমবায় কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে ৪র্থ কোয়াটারের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করতে হবে। তবে ২য় কোয়াটারের মধ্যে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জন করা হয়েছে।<br>২। প্রশিক্ষক প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১. প্রশিক্ষক,<br>২. অভিযোগ প্রতিকার কমিটি। |
| | | <u>২.৩ ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ:</u><br>অভিযোগ প্রতিকার কমিটির সভাপতি কর্তৃক ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণর বিয়য়ে জিজ্ঞাসাবাদ করা হলে প্রধান সহকারি জনাব মোঃ সিরাজুল ইসলাম ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয় বলে সভাকে অবহিত করেন। এ বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়। | ১। অভিযোগ প্রতিকার কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার জন্য কমিটির সকল সদস্যকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অভিযোগ প্রতিকার কমিটি। |
| | | ২.৪ <u>অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনের (ষ্টেকহোল্ডার) সমন্বয়ে অবহিতকরণ সভা:</u><br>অভিযোগ প্রতিকার কমিটির সভাপতি কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা বিষয়ে বিভিন্ন জিজ্ঞাসাবাদ করা হলে প্রধান সহকারি জনাব মোঃ সিরাজুল ইসলাম সভাকে জানান যে, বাৎসরিক লক্ষ্যমাত্রা ০২টি তন্মধ্যে প্রথম ত্রৈমাসে ০১ টি অর্জন করা হয়েছে। ৩য় কোয়াটারের মধ্যে ০১ অর্জন করা হয়েছে। এ বিষয়ে ব্যাপক গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। | ১. প্রতি ত্রৈমাসে অভিযোগ প্রতিকার সভা এর আয়োজন করতে হবে। | অভিযোগ প্রতিকার কমিটি । |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৭-০৬-২০২৩
সোলাইমান বেগ
জেলা সমবায় অফিসার ও সভাপতি, অভিযোগ প্রতিকার
কর্মপরিকল্পনা সংক্রান্ত কমিটি
০২-৫৮৮৮৪৬১৮২
dco.pabna@coop.gov.bd

৩ আষাঢ় ১৪৩০

তারিখ: ১৭ জুন ২০২৩

**নম্বর:** ৪৭.৬১.৭৬০০.০০০.২৭.০০৪.২২.২৯০২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, পরিদর্শক, জেলা সমবায় অফিস, পাবনা;

২। জনাব মোঃ আনিছুর রহমান, প্রশিক্ষক, জেলা সমবায় অফিস, পাবনা;

৩। জনাব মো: সিরাজুল ইসলাম, প্রধান সহকারি, জেলা সমবায় অফিস, পাবনা এবং

৪। জনাব রাখি রহমান রানী, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেলা সমবায় অফিস, পাবনা(তাঁকে অভিযোগ প্রতিকার সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য বলা হলো)।

১৭-০৬-২০২৩

সোলাইমান বেগ

জেলা সমবায় কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

(১) অভিযোগ হাজিরা